



বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
ঢাকা।



বিজ্ঞপ্তি নং- ১৫২/২০২০

তারিখঃ ১২/১১/২০২০

রূপালী ব্যাংক লিমিটেড এ 'সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট)' পদে
সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test এর সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে রূপালী ব্যাংক লিমিটেড এ 'সিনিয়র অফিসার (ফিন্যান্সিয়াল এনালিস্ট)' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২০/১১/২০২০ তারিখ শুক্রবার সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত নিম্নবর্ণিত ৩টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	কেন্দ্রের নাম	ঠিকানা	রোল নম্বর
০১.	খিলগাঁও মডেল কলেজ	খিলগাঁও চৌরাস্তা, ঢাকা-১২১৯	২০০০১- ২৩৫৭৯
০২.	সেন্ট্রাল উইমেন্স কলেজ	১৩/২ অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩	২৩৫৮০-২৬৫৭৯
০৩.	লালমাটিয়া উচ্চ বিদ্যালয়	৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭	২৬৫৮০- ২৮৫৭৯

উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) এ ইতোমধ্যে আপলোড করা হয়েছে। প্রার্থীগণ পরীক্ষা শুরুর অব্যবহিত পূর্ব পর্যন্ত উক্ত ওয়েবসাইট হতে তাদের প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে এবং সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ করতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, প্রবেশপত্রের একাধিক কপি বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে। মাস্ক পরিধান ব্যতিরেকে কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

স্বাক্ষরিত/-
(আরিফ হোসেন খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি